রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-৩৪-আইন/২০২০।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা “সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৫ মে, ২০১১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **“কমিশন”** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **“তফসিল”** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **“নিয়োগকারী কর্তৃপক্ষ”** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) **“পদ”** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **“প্রয়োজনীয় যোগ্যতা”** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;


**মূল্য :** টাকা ২৪.০০

(চ) **"বিভাগীয় প্রার্থী"** অর্থ ঐ সকল কর্মচারীকে বুঝাইবে যাহারা একই লাইনের এবং একই প্রতিষ্ঠানের চাকুরিতে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে নিয়োজিত আছেন এবং বিজ্ঞাপিত পদে পদোন্নতি বা সরাসরি নিয়োগের জন্য যোগ্য; তবে তাহাদের সরকারি চাকুরিতে প্রথম নিয়োগের বয়সসীমা সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকিতে হইবে;

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোনো বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে ।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) তফসিলে উল্লিখিত সংশ্লিষ্ট পদের নিয়োগ যোগ্যতা ও পদ্ধতি অনুসরণ ব্যতীত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, ও তদন্তের ফলে দেখা যায় না যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ণ চাকুরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

(২) যদি কোনো ব্যক্তির চাকুরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে, তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরিতে স্থায়ী করিবেন এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকুরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেইসকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) মালি, নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী পদে কর্মরত কোনো কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উহার বিপরীতে "আউট সোর্সিং (out sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী সেবা গ্রহণ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে বাংলাদেশের বিভিন্ন স্থানে সুইপার কলোনীতে বসবাসরত জাত হরিজন অথবা তাহাদের উত্তরাধিকারীগণের মধ্য হইতে পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ প্রদান করিতে হইবে।

**৮। হেফাজত।**—(১) সিভিল আপীল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় Officers (Millitary Lands & Cantonments Directorate) Recruitment Rules, 1984 এবং Non-Gazetted Service Personnel (Bangladesh Millitary Lands & Cantonments) Recruitment Rules, 1984, অতঃপর উক্ত Rules সমূহ বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপে বিলুপ্ত হওয়া সত্ত্বেও—

(ক) বিলুপ্তির পূর্বে উক্ত Rules সমূহের অধীন নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকুরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই বিধিমালার কার্যকারিতার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তর্বর্তীকালীন সময়ে নিয়োগপ্রাপ্তগণের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকুরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি থাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Rules সমূহের অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

*[বিধি ২(খ)দ্রষ্টব্য]*

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহাপরিচালক | .. | প্রেষণে বদলির মাধ্যমে | অতিরিক্ত সচিব বা যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ২ | পরিচালক (প্রশাসন ও শিক্ষা) | .. | প্রেষণে বদলির মাধ্যমে | যুগ্মসচিব বা উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ৩ | পরিচালক (ভূমি ও উন্নয়ন) | .. | প্রেষণে বদলির মাধ্যমে | যুগ্মসচিব বা উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ৪ | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক | .. | প্রেষণে বদলির মাধ্যমে | উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ৫ | উপপরিচালক (প্রশাসন ও শিক্ষা) | .. | প্রেষণে বদলির মাধ্যমে | উপসচিব বা সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ৬ | উপপরিচালক (ভূমি ও উন্নয়ন) | .. | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** সহকারী পরিচালক (প্রশাসন) বা সহকারী পরিচালক (ভূমি) পদে ০৬ (ছয়) বৎসরের চাকুরি। **প্রেষণে বদলি :** উপসচিব বা সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭ | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার | .. | প্রেষণে বদলির মাধ্যমে | উপসচিব বা সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ৮ | সহকারী পরিচালক (প্রশাসন) | .. | পদোন্নতির মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও) বা সহকারী প্রকৌশলী (সিভিল) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**প্রেষণে বদলি :**<br>সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ৯ | সহকারী পরিচালক (শিক্ষা) | .. | প্রেষণে বদলির মাধ্যমে | সিনিয়র সহকারী সচিব বা সহকারী অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি । |
| ১০ | সহকারী পরিচালক (আইন) | .. | প্রেষণে বদলির মাধ্যমে | আইন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারীসহ আইন বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |
| ১১ | সহকারী পরিচালক (ভূমি) | .. | পদোন্নতির মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>ভূমি ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২ | সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও) | .. | পদোন্নতির মাধ্যমে | সাব-ডিভিশনাল অফিসার (এসডিও), প্রশাসনিক কর্মকর্তা, উপ-সহকারী পরিচালক (ভূমি) বা আইন কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১৩ | সহকারী প্রকৌশলী (সিভিল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বিএসসি-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| ১৪ | সহকারী প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স (CS), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৫ | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাবরক্ষক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর;<br>অথবা<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৬ (ছয়) বৎসর;<br>অথবা<br>উচ্চমান সহকারী পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটারে Word Processing বিষয়ে অভিজ্ঞতা। |
| ১৬ | উপসহকারী পরিচালক (ভূমি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাবরক্ষক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর;<br>অথবা<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৬ (ছয়) বৎসর;<br>অথবা<br>উচ্চমান সহকারী পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ১৭ | সাব-ডিভিশনাল অফিসার (এসডিও) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সার্ভেয়ার ড্রাফটসম্যান পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং সনদ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮ | শিক্ষা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৯ | আইন কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২০ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং সনদ। |
| ২১ | হিসাবরক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** হিসাবরক্ষক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২২ | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) ক্যাশিয়ার পদে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরি;<br>অথবা<br>অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩ | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর :<br>তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম -কম্পিউটার অপারেটর পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪ | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫ | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর :<br>তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর :<br>তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৭ | সার্ভেয়ার ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** এমই ওভারশিয়ার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-সার্ভে সনদ; এবং (খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর : তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** (ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর; অথবা অফিস সহায়ক পদে অন্যূন ০৭ (সাত) বৎসর; অথবা ফটোকপি অপারেটর ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি; (খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (ঘ) কম্পিউটার টাইপের গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল ২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯ | কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর : তবে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর;<br>অথবা<br>ফটোকপি অপারেটর ও অফিস সহায়ক পদে সম্মিলিতভাবে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার টাইপের গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০ | রেকর্ড কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) রেকর্ড সংরক্ষণ বিষয়ে পর্যাপ্ত জ্ঞান।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১ | গাড়ি চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা অথবা ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(খ) গাড়ি চালনায় অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২ | এমই ওভারশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ০১ (এক) বৎসর মেয়াদি সার্ভে বা আমিনশীপ কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩ | চেইনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ০১ (এক) বৎসর মেয়াদি সার্ভে বা আমিনশীপ কোর্স উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৪ | ফটোকপি অপারেটর | .. | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহায়ক পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৩৫ | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬ | মালী | বিধি ৭(২) এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |
| ৩৭ | নিরাপত্তা প্রহরী | বিধি ৭(২) এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |
| ৩৮ | পরিচ্ছন্নতাকর্মী | বিধি ৭(২) এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |

**তফসিল ২**

*[ বিধি ২(খ ) দ্রষ্টব্য]*

১২ গ্রেড থেকে ১৭ গ্রেডভুক্ত পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় বিষয়, নম্বর বন্টন ও মৌখিক পরীক্ষায় নম্বরসমূহ ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষায় ও বিষয়ের নাম | লিখিত ও মৌখিক পরীক্ষায় নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষায় সময় |
|---|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষায় | ১০০ নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | বাংলা ৩০ | | | |
| | ইংরেজি ৩০ | | | |
| | গণিত ২০ | | | |
| | সাধারণ জ্ঞান ২০ | | | |
| ২. | মৌখিক পরীক্ষায় | ১০ নম্বর | | |
| সর্বমোট=১১০ নম্বর | | | | |

**ব্যাখ্যা :** (১) লিখিত পরীক্ষায় এবং তফসিল ৩ এ বর্ণিত সাঁট-লিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন; এবং

(২) কম্পিউটারে Word Procesing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিবে।

**তফসিল ৩**

*[ বিধি ২(খ ) দ্রষ্টব্য]*

সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি :

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষায় সময় | বাংলা পরীক্ষায় সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | | |
| সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | | |
| সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে;

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫(পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে; এবং

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসেবে গণ্য করা হইবে।

**তফসিল ৪**

*[ বিধি ২(খ) দ্রষ্টব্য]*

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি :

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষায় সময় | বাংলা পরীক্ষায় সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে ;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে; এবং

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসেবে গণ্য হইবে।

**তফসিল ৫**

*[ বিধি ২(খ ) দ্রষ্টব্য]*

২০ গ্রেডভুক্ত পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বন্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষা | ৪০ নম্বর | ৬০ মিনিট |
| | বাংলা ১৫ | | |
| | ইংরেজি ১৫ | | |
| | গণিত ১০ | | |
| ২. | মৌখিক পরীক্ষা | ১০ নম্বর | |
| সর্বমোট = ৫০ নম্বর | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd